85

দৈনিক সংবাদ

তারিখ ... 18 SEP 1998
পৃষ্ঠা 7 কলাম 6 ......

# বঙ্গবন্ধু মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অনিয়ম

॥ ফরহাদ মাহমুদ ॥

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর কোর্সে ভর্তি ও ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশে নানা ধরনের অনিয়মের অভিযোগ রয়েছে। বিগত বছরগুলোতে এ ধরনের অনিয়ম চলার কারণে ফেল ও ড্রপ–আউটের সংখ্যাও ক্রমশ বাড়ছে বলে জানা গেছে।

জানা গেছে, অতীতে সরকারি চাকরিরত অনেক প্রার্থী সরকারি প্রার্থী হিসেবে ভর্তি হওয়ার সুযোগ না পেয়ে পেছনের দরজা দিয়ে বেসরকারি প্রার্থী হিসেবে ভর্তি হয়েছে এবং সরকারি চাকরি বজায় রেখেও কোর্স চালিয়ে গেছে। নিম্ন মেধার অনেক প্রার্থী রাজনৈতিক ও অর্থনৈতিক প্রভাব খাটিয়েও অতীতে ভর্তি হয়েছে বলে জানা গেছে। এসব কারণে ক্রমাগতভাবে ফেল ও ড্রপ–আউটের সংখ্যা বাড়ছে। এখন এদেরই মধ্যে কিছুসংখ্যক ছাত্র পরীক্ষার মানদণ্ড শিথিল করার জন্য আন্দোলন চালিয়ে যাচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের কিছুসংখ্যক ছাত্র ও শিক্ষকের মতে, রাজনৈতিক প্রভাব ও দুর্নীতির হাত থেকে স্নাতকোত্তর শ্রেণীর শিক্ষার মানকে যদি অবিলম্বে রক্ষা করা না হয় তাহলে এক্ষেত্রে একটা বিপর্যয় নেমে আসতে পারে। এসবের কারণে একদিকে যেমন মেধাসম্পন্ন প্রার্থীরা স্নাতকোত্তর শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন, অপরদিকে নিম্ন মেধাসম্পন্ন ছাত্রছাত্রীদের ভিড় বাড়ছে। ফলে এক সময় নানারকম চাপের মুখে শিক্ষকরাও হয়তো বাধ্য হবেন তাদের পাস করিয়ে দিতে।